তারিখ 12 OCT 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

# জবিতে শিক্ষাবৃত্তির অর্থ দ্বিগুণ করার সিদ্ধান্ত

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের প্রণোদনা প্রদানে মেধাবৃত্তি দ্বিগুণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর ফলে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে প্রায় ২১ লাখ টাকা বৃত্তি প্রদান করা হবে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এখন থেকে ২,৪০০ টাকার পরিবর্তে ৪,৮০০ টাকা করে পাবেন। জানা যায়, ২০১৩-১৪ থেকে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত মোট ২ হাজার ৫৮১ জন শিক্ষার্থীর মাঝে বৃত্তি প্রদান করা হয়েছে। ২০১৩-১৪ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ৫০ জনকে মেধাবৃত্তি, ১২৪ জনকে অবৈতনিক বৃত্তি, স্নাতকোত্তর পর্যায়ে ৪৩ জনকে মেধাবৃত্তি, ২৫ জনকে অবৈতনিক বৃত্তি; ২০১৪-১৫ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ১৮০ জনকে মেধাবৃত্তি, ৪৫৩ জনকে অবৈতনিক বৃত্তি, স্নাতকোত্তর পর্যায়ে ৪২ জনকে মেধাবৃত্তি, ৫৬ জনকে অবৈতনিক বৃত্তি; ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ১৬১ জনকে মেধাবৃত্তি, ৫৩২ জনকে অবৈতনিক বৃত্তি, স্নাতকোত্তর পর্যায়ে ৩৩ জনকে মেধাবৃত্তি, ৪৮ জনকে অবৈতনিক বৃত্তি; ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে ১৯৫ জনকে মেধাবৃত্তি, ৫৮২ জনকে অবৈতনিক বৃত্তি, স্নাতকোত্তর পর্যায়ে ২১ জনকে মেধাবৃত্তি এবং ৩৬ জন শিক্ষার্থীকে অবৈতনিক বৃত্তি প্রদান করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রকল্যাণ পরিচালক শফিকুল ইসলাম বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ শিক্ষার্থী মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের। নিজস্ব হল না থাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের রাজধানীতে দৈনন্দিন খরচ জোগাতে হিমশিম খেতে হয়। এ জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের সুবিধার্থে শিক্ষাবৃত্তি বৃদ্ধি করেছে। এতে কিছুটা হলেও তাদের কষ্ট লাঘব হবে।